

# শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তনে ছাত্রলীগের শোভাযাত্রা, সমাবেশ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিন থেকে শোভাযাত্রা শুরু হয়ে রাজু ভাস্কর্যের পাদদেশে গিয়ে শেষ হয়। ছবি: সমকাল

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

প্রকাশ: ১৬ মে ২০২৪ | ২২:২২



আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৪৪তম স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে 'তুমি দেশের, তুমি দেশের' শীর্ষক শোভাযাত্রা ও সমাবেশ করেছে বাংলাদেশ ছাত্রলীগ। আজ বৃহস্পতিবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিন থেকে শোভাযাত্রা শুরু হয়ে রাজু ভাস্কর্যের পাদদেশে গিয়ে শেষ হয়। এতে রাজধানীর বিভিন্ন ইউনিটের হাজারো নেতাকর্মী অংশ নেন।

পরে ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনানের সঞ্চালনায় সমাবেশে আরও বক্তব্য দেন ঢাবি শাখার সভাপতি মাজহারুল কবীর শয়ন ও সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকত, ঢাকা মহানগর দক্ষিণ ছাত্রলীগের সভাপতি রাজিবুল ইসলাম বাপ্পি ও সাধারণ সম্পাদক সজল কুণ্ডু, ঢাকা মহানগর উত্তর ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাগর আহমেদ শামীম প্রমুখ।

UNIBOTS

এ সময় শেখ ওয়ালী আসিফ ইনান বলেন, ১৯৮১ সালে দেশরত্ন শেখ হাসিনা দেশে প্রত্যাবর্তন উপলক্ষে বিমানবন্দরে যে লাখো মানুষের ঢল নেমেছিল, সে ঢলেই অপশক্তির দুঃশাসন ভেসে গিয়েছিল। তিনি অপরাজেয় বাংলার পাদদেশে দাঁড়িয়ে স্বৈরাচার-বিরোধী আন্দোলনের ডাক দিয়েছিলেন। আজ তাঁর নেতৃত্বে জাতির পিতা হত্যার বিচারসহ রাজাকারদের বিচার সম্পন্ন হয়েছে। তিনি ফিরেছিলেন বলেই আজ বঙ্গবন্ধু স্যাটেলাইট মহাকাশে ঘুরছে।

সাদ্দাম হোসেন বলেন, সামরিক শাসকদের রক্তচক্ষু উপেক্ষা করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রত্যাবর্তন বাংলাদেশের বিজয়ের গল্প রচনা করেছে। তিনি যখন প্রত্যাবর্তন করেছিলেন, দেশে তখন কারফিউ গণতন্ত্র চলছিল। সামরিক শাসকরা প্রজ্ঞাপনের মাধ্যমে দেশ পরিচালনা করত। সেই শাসকদের হাত থেকে তিনি দেশে গণতন্ত্র ও শান্তি প্রত্যাবর্তন করেছেন।

তিনি আরও বলেন, প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলার মানুষের কর্মসংস্থানের সুযোগ বেড়েছে। তাঁর জীবন বুলেট-গেনেড উপেক্ষা করে জনমানুষের জন্য ছুটে চলা। একজন মানুষ যখন নিজেকে অনুপ্রাণিত হওয়ার কথা ভাবেন, তখন তার মানসপটে শেখ হাসিনার ছবি ভেসে ওঠে।

বিষয় : ছাত্রলীগ